

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৫১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যত্নবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

আরবী

(صحيح) وَعَنْ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ بَيْنَمَا نَحْنُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ طَلَعَ عَلَيْنَا رَجُلُ شَدِيدُ بَيَاضِ الثِّيَابِ شَدِيدُ سَوَادِ الشَّعْرِ لَا يُرَى عَلَيْهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوْ الشَّعْرِ لَا يُرَى عَلَيْهِ أَثُرُ السَّفَرِ وَلَا يَعْرِفُهُ منا أحد حَتَّى جَلَسَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَسْنَدَ رُكْبَتَيْهِ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ إِلَى رُكْبَتَيْهِ وَوَضَعَ كَفَيْهِ عَلَى فَخِذَيْهِ وَقَالَ يَا مُحَمَّدُ أَخْبِرْنِي عَنْ الْإِسْلَامِ فَقَالَ رَسُولُ اللَّهِ إِلَى رُكْبَتَيْهِ وَصَلَّمَ الْإِسْلَامُ أَنْ تَشْهَدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ اللهِ صَلَّى الثَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْإِسْلَامُ أَنْ تَشْهَدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَتُعْبَى السَّالَةَ وَتُوبَيَ الزَّكَاةَ وَتَصُومَ رَمَضَانَ وَتَحُجَّ الْبَيْتَ ، الحديث (رواه البخاري ومسلم وهو مروي عن غير واحد من الصحابة في الصحاح وغيرها)

বাংলা

৩৫১. (সহীহ্) ওমার বিন খান্তাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকটে বসে ছিলাম। এমন সময় আমাদের সামনে এক ব্যক্তি উপস্থিত হলেন, তার পোশাক ছিল ধবধবে সাদা আর চুল ছিল কুচকুচে কালো। দূর হতে ভ্রমণ করে আসার কোন লক্ষণও দেখা যাচ্ছিল না তার মধ্যে। তিনি আমাদের কারো পরিচিতও নন। তিনি নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকটবর্তী হলেন, তাঁর হাঁটুতে স্বীয় হাঁটু লাগালেন এবং দুই হাত তাঁর উরুর উপর রেখে বসে পড়লেন। অতঃপর বললেন, হে মুহাম্মাদ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আপনি আমাকে ইসলাম সম্পর্কে জ্ঞান দান করুন, উত্তরে রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ ইসলাম হচ্ছে (১) এ সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া সত্যিকারের কোন উপাস্য নাই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল। (২) ছালাত কায়েম করবে (৩) যাকাত আদায় করবে (৪) রামাযানে ছিয়াম পালন করবে এবং (৫) আল্লাহর ঘরের হজ্জ সম্পাদন করবে।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৫০ ও মুসলিম ৯।[1] বিভিন্ন সহীহ্ গ্রন্থে একাধিক সাহাবী থেকে বর্ণিত)



ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, ইমাম মুসলিম হাদীছটি ওমার (রাঃ) থেকে বর্ণনা করেছেন বুখারী নয় বরং তিনি আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণনা করেছেন। আর ইমাম মুসলিমও আবু হুরায়রা থেকে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন